বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন উপলক্ষে স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন আয়োজনের লক্ষ্যে গত ১৬ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সোমবার, সকাল ৯টায় ডা. মিল্টন হলে স্টিয়ারিং কমিটির এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সভায় উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, সাবেক উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. মোঃ রুহুল আমিন মিয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, সাবেক কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ জুলফিকার রহমান খান, বেসিক সায়েন্স ও প্যারক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, হেমাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মাসুদা বেগম, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ ইফতেখার আলম, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, পরিচালক (মানবসম্পদ) ডা. জামাল উদ্দিন খলিফা প্রমুখ।

সভায় সমাবর্তন বক্তা নির্বাচন, সমাবর্তনের তারিখ নির্ধারণ, সমাবর্তনে অংশগ্রহণকারী ডিগ্রিধারীদের রেজিস্ট্রেশনের শেষ সময় নির্ধারণসহ বিভিন্ন বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। সভায় চলতি বছরের মার্চ মাসে এ বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন আয়োজনের এবং আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখ পর্যন্ত সমাবর্তনে অংশগ্রহণকারী ডিগ্রিধারীদের রেজিস্ট্রেশনের শেষ সময়সীমা নির্ধারণ করা হয়।

উল্লেখ্য, এর আগে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ২০১১ সালে প্রথম এবং ২০১৫ সালে দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠিত হয়েছিল।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো দুঃস্থ রোগীদের মাঝে কম্বল বিতরণ

গত ১৬ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সোমবার, বিকেল ৩টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কেবিন ব্লকের বিপরীতে হাসপাতাল সমাজসেবা কার্যালয়ের আয়োজনে প্রধান অতিথি হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান দুঃস্থ রোগীদের মাঝে কম্বল বিতরণ করেন। প্রথমবারের মতো আয়োজিত এ মহতী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) ও রোগী কল্যাণ সমিতির সভাপতি অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) বিগ্রেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক জনাব খান আবুল বাশার। টুমরো সমাজ কল্যাণ সমিতি ও সমাজসেবা অফিসার কামরুন্নাহার-এর সৌজন্যে আয়োজিত এ মহতী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেক, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক (হাসপাতাল) ডা. পবিত্র কুমার দেবনাথ, সমাজসেবা অফিসার কামরুন্নাহার ফেরদৌসী, সমাজসেবা অফিসার সিতার ইয়াসমীন প্রমুখ। দেড়শতাধিক দুঃস্থ রোগীর মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের হাসপাতাল আজ দেশের মানুষের কাছে একটি গ্রহণযোগ্য হাসপাতাল। জাতির জনকের নামে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়টি ২০১৬ সালে স্পেনের সিমাগো রিসার্চ গ্রুপের প্রকাশিত জরিপে স্থান পেয়ে বাংলাদেশের জন্য গৌরব বয়ে এনেছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় থেকে দেশের মানুষকে সর্বোচ্চমানের চিকিৎসাসেবা এবং মেডিক্যাল শিক্ষার ক্ষেত্রে সর্বোচ্চমানের চিকিৎসা শিক্ষা দেয়া হচ্ছে। মাননীয় উপাচার্য তাঁর বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রোগীদের ও বিশ্ববিদ্যালয়ের স্বার্থে দেশের বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান।

সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) ও রোগী কল্যাণ সমিতির সভাপতি অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় চিকিৎসাসেবার পাশাপাশি সমাজসেবা ক্ষেত্রেও অনেক দূর এগিয়ে গেছে। দুঃস্থ রোগীদের মাঝে কম্বল বিতরণ এরই উদাহরণ। তিনি তাঁর বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দরিদ্র রোগীদের চিকিকৎসার জন্য অনুদান দেয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আরো জানান, বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ের দরিদ্র রোগীদের জন্য চিকিৎসা সহায়তায় গঠিত 'মাননীয় প্রধানমন্ত্রীর অতি দরিদ্র তহবিল'-এর অর্থের পরিমাণ বৃদ্ধি পেয়ে বর্তমানে ১৮ কোটি টাকায় উন্নীত হয়েছে।

মাননীয় স্বরাষ্ট্র সচিব-এর শয্যাপাশে মাননীয় উপাচার্য

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান গত ১৬ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সোমবার, সন্ধ্যায় কেবিন ব্লকের পোস্ট অপারেটিভ রুমে ওই সময়ে চিকিৎসাধীন মাননীয় স্বরাষ্ট্র সচিব জনাব ড. কামাল উদ্দিন আহমেদকে দেখতে যান। মাননীয় উপাচার্য এসময় মাননীয় স্বরাষ্ট্র সচিব-এর চিকিৎসার খোঁজ-খবর নেন এবং কিছুক্ষণ অবস্থান করেন। তিনি সেখানে চিকিৎসাধীন অন্যান্য রোগীদেরও খোঁজ-খবর নেন। এসময় মাননীয় উপাচার্য-এর সাথে আরো উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একে এম সালেক, চীফ এস্টেট অফিসার ডা. একেএম শরীফুল ইসলাম, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

ডেন্টাল অনুষদের নবনির্বাচিত ডীন-এর প্রথম ফ্যাকাল্টি মিটিং-এ মাননীয় উপাচার্য-এর মতবিনিময়

গত ১৬ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সোমবার অত্র বিশ্ববিদ্যালয়ের এ ব্লকে ডেন্টাল অনুষদের ডেন্টাল অনুষদের নব নির্বাচিত ডীন-এর প্রথম ফ্যাকাল্টি মিটিং-এ গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এসময় অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, ডেন্টাল অনুষদের নব নির্বাচিত ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, ডেন্টাল অনুষদের সাবেক ডীন অধ্যাপক ডা. মোঃ শামসুল আলম, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেক, ওরাল এন্ড ম্যাক্সিলোফিসিয়াল সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. কাজী বিল্লুর রহমান, শিশু দন্ত বিভাগের প্রধান অধ্যাপক ডা. জেবুন্নেছা প্রমুখ উপস্থিত ছিলেন।

রেসিডেন্সি প্রোগ্রামের অধীন কোর্স পরীক্ষা, জানুয়ারি-২০১৭ পরিদর্শন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান গত ১৬ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সোমবার সকালে অত্র বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে রেসিডেন্সি প্রোগ্রামের অধীন কোর্স পরীক্ষা, জানুয়ারি-২০১৭ পরিদর্শন করেন। এসময় অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ ইফতেখার আলম, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেক প্রমুখ উপস্থিত ছিলেন।